গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা কমান্ড্যান্ট এর কার্যালয়
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, পঞ্চগড়

স্মারক নং-৪৪.০৩.৫৫৭৭.০০২.৩৫.০০৯.২৫-৪৫৩

তারিখঃ ০৬ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ / ২০ মার্চ-২০২৫ খ্রিঃ।

বিষয় ঃ "ভিডিপি এ্যাডভান্সড প্রশিক্ষণের জন্য শুধুমাত্র ভিডিপি মৌলিক প্রশিক্ষণপ্রাপ্ত (পুরুষ) সদস্য বাছাই বিজ্ঞপ্তি"

সূত্র ঃ আভি সদর দপ্তর স্মারক নং-৪৪.০৩.০০০০.০৬২.৩২.০৪৯.২৫-৮৩; তারিখ-১৮/০৩/২০২৫ খ্রিঃ।

এতদ্বারা সকলের অবগতি ও পরবর্তী কার্যক্রমের জন্য জানানো যাচ্ছে যে, ২০২৪-২০২৫ অর্থ বছরের "ভিডিপি এ্যাডভান্সড প্রশিক্ষণ" ১ম ধাপ আগামী ০৯/০৪/২০২৫ খ্রিঃ হতে ০৬/০৫/২০২৫ খ্রিঃ পর্যন্ত ২৮ (আটাশ) দিন মেয়াদী জেলা আনসার ও ভিডিপি প্রশিক্ষণ কেন্দ্র, পঞ্চগড়-এ অনুষ্ঠিত হবে। উক্ত প্রশিক্ষণে প্রশিক্ষণার্থী বাছাইয়ের নিমিত্তে আগামী ০৭/০৪/২০২৫ খ্রিঃ রোজ সোমবার সকাল ০৯.০০ ঘটিকায় জেলা আনসার ও ভিডিপি কার্যালয়, পঞ্চগড়ে বাছাই কার্যক্রম অনুষ্ঠিত হবে। উক্ত প্রশিক্ষণে অংশগ্রহণে আগ্রহী প্রার্থীগণকে জেলা আনসার ও ভিডিপি কার্যালয়, পঞ্চগড়ে নিম্নবর্ণিত কাগজপত্রাদিসহ উপস্থিত থাকার জন্য আহবান জানানো হলো।

**শর্ত ও যোগ্যতাঃ**

০১। ভিডিপি মৌলিক প্রশিক্ষণপ্রাপ্ত হতে হবে।
০২। ন্যূনতম এসএসসি/দাখিল/সমমান পাশ হতে হবে।
০৩। বয়সঃ ১৮ হতে ৩০ বছর (সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে)।
০৪। জাতীয় পরিচয়পত্রধারী এবং উচ্চতা ৫ ফুট ৫ ইঞ্চি (ন্যূনতম) হতে হবে।
০৫। প্রশিক্ষণ গ্রহণের জন্য শারীরিক ও মানসিকভাবে সুস্থ্য হতে হবে।
০৬। স্বেচ্ছাসেবায় আগ্রহী হতে হবে এবং এলাকায় সুনামের অধিকারী হতে হবে।
০৭। তথ্য ও প্রযুক্তি ব্যবহারে আগ্রহ ও দক্ষতা থাকতে হবে।

**প্রয়োজনীয় কাগজপত্রঃ**

০১। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র/ওয়ার্ডের কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র সঙ্গে আনতে হবে।
০২। সর্বশেষ শিক্ষাগত যোগ্যতার সনদপত্র সঙ্গে আনতে হবে।
০৩। জাতীয় পরিচয়পত্র (এনআইডি কার্ড) এবং ০১ (এক) কপি পাসপোর্ট সাইজের ছবি সঙ্গে আনতে হবে।
০৪। সকল কাগজপত্রের মূলকপি ও ০১ (এক) সেট ফটোকপি সঙ্গে আনতে হবে।

২৪/০৩/২৫

আলী রেজা রাব্বী,বিভিএমএস
বিএভি-১২০১৫১
জেলা কমান্ড্যান্ট
আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী,পঞ্চগড়।
ফোন/ফ্যাক্সঃ- ০২৫৮-৯৯১৮১৭৪
ই-মেইল-dcpanchagar@ansarvdp.gov.bd

স্মারক নং-৪৪.০৩.৫৫৭৭.০০২.৩৫.০০৯.২৫-৪৫৩

তারিখঃ ০৬ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ / ২০ মার্চ-২০২৫ খ্রিঃ।

অনুলিপি ঃ

| | | | |
|---|---|---|---|
| ০১। | প্রশিক্ষণ (ভিডিপি) শাখা<br>আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী,<br>সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা। | ঃ | সদয় অবগতির জন্য। |
| ০২। | উপমহাপরিচালক, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী,<br>রংপুর রেঞ্জ,রংপুর। | ঃ | সদয় অবগতির জন্য। |
| ০৩। | জেলা প্রশাসক, পঞ্চগড়। | ঃ | সদয় অবগতির জন্য। |
| ০৪। | পুলিশ সুপার, পঞ্চগড়। | ঃ | সদয় অবগতির জন্য। |
| ০৫। | জেলা তথ্য অফিসার, পঞ্চগড়। | ঃ | সদয় অবগতি ও বহুল প্রচারের জন্য। |
| ০৬। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা (সকল)<br>সদর, আটোয়ারী, দেবীগঞ্জ, বোদা, ও তেঁতুলিয়া, পঞ্চগড়। | ঃ | অবগতি ও পত্রটি উপজেলা কার্যালয় এবং উপজেলার সকল ইউনিয়ন পরিষদ কমপ্লেক্সের নোটিশ বোর্ডে টানানো সহ বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য বলা হলো। |
| ০৭। | অফিস কপি। | | |

২৪/০৩/২৫

জেলা কমান্ড্যান্ট
আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী,পঞ্চগড়।

E:\F Drive\TRAING\২৩-২৪ ৬ষ্ঠ ধাপ\Office Order.docx

CS Scanned with CamScanner